



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

১১ মে ২০২২

বাউবিতে সুশাসন প্রতিষ্ঠায় মতবিনিময় সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আজ ১১ মে ২০২২ বুধবার দুপুরে উপাচার্যের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।



বাউবির ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক-বিভাগীয় প্রধান, এপিএ এর বিভিন্ন কমিটির সদস্য সচিব এবং বিভিন্ন বিভাগের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। দূর প্রযুক্তিতে ১২টি আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালকগণ সংযুক্ত ছিলেন। সভায় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা, বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাটি সঞ্চালনা করেন শুদ্ধাচার কমিটির সদস্য সচিব নাজনীন আখতার।

অন্যদিকে, সকালে বাউবির ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামালের সভাপতিত্বে বাউবি ইনোভেশন টিমের ১৫তম সভা অনুষ্ঠিত হয়। সভায় পূর্বের সভা কার্যবিবরণী অনুসমর্থন এবং ইনোভেশন সামিটের প্রস্তুতিমূলক বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। সভাটি সঞ্চালন করেন ইনোভেশন টিমের সদস্য সচিব নাগিস আখতার।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)